ঝিনাইদহ জেলা প্রাথমিক শিক্ষা কর্তৃপক্ষের সাথে সনাক এর অধিপরামর্শ সভা

প্রাথমিক শিক্ষা খাতে সেবার মানোন্নয়নের লক্ষ্যে ঝিনাইদহ জেলা প্রাথমিক শিক্ষা কর্তৃপক্ষের সাথে সচেতন নাগরিক কমিটি (সনাক) এর অধিপরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) সকালে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কার্যলয়ের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সনাক এর অনুপ্রেরণায় গঠিত অ্যাকটিভ সিটিজেন গ্রুপ (এসিজি) কর্তৃক চিহ্নিত প্রকল্প অধিভূক্ত চারটি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নযোগ্য দিকসমুহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও এসিজি কর্তৃক ব্যবহৃত প্যাক্টঅ্যাপ, কমিউনিটি মনিটরিং ও কমিউনিটি অ্যাকশন সভা থেকে প্রাপ্ত তথ্যসমূহ উপস্থাপন করার পাশাপাশি পরবর্তী করনীয় নির্ধারনে সুপারিশ এবং পারস্পরিক মতামত বিনিময় করা হয়।

সনাক ঝিনাইদহ এর উদ্যোগে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মোহাঃ আমজাদ হোসেন। টিআইবি’র কর্মসূচি বাস্তবায়ন সহকারি, মোঃ আকিমুল ইসলাম পলাশ এর সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন, প্রাথমিক শিক্ষা উপকমিটির সদস্য মোঃ আবু তাহের, সনাকের প্রাথমিক শিক্ষা উপকমিটির আহ্বায়ক, নাসরিন ইসলাম। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন সনাক সভাপতি এন. এম. শাহজালাল, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাঃ কামরুল বাশার উমর ফারুক, ক্লাস্টার কোর্ডিনেটর মোঃ ফিরোজ উদ্দীন, ইয়েস সদস্য রেখা রানী দাস, ফাতেমা আফরিন মিম ও ইয়েস সহ দলনেতা ফারদিন আহমেদ মারুফ।

সরকারকে সহযোগিতা না করে লংমার্চের নামে লংড্রাইভ করছে জামায়াত

গ্যাস-বিদ্যুতের সংকট এখন জাতীয় সংকট, এই সংকট সমাধানে সরকার ও বিরোধী দলকে একসঙ্গে কাজ করা দরকার। কিন্তু জামায়াত এই সংকট সমাধানে সরকারকে সহযোগিতা না করে লংমার্চের নামে লংড্রাইভ করছে বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন। এই জামায়াত ৯৬ এর বিএনপির বিরুদ্ধে আওয়ামী লীগকে সঙ্গে নিয়ে আন্দোলন করেছিল। জ্বালানি সংকটকে পুঁজি করে জামায়াত এখন আওয়ামী লীগকে বিক্ষোভ করার সাহস যোগাচ্ছে।

রবিবার (১৩ সেপ্টেম্বর) সকালে ঝিনাইদহ সদর উপজেলার তেতুলতলা মায়াধরপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

এসময় তিনি জামায়াত আমীরকে উদ্দেশ্য করে বলেন, আপনারা লংমার্চের নামে লংড্রাইভ বন্ধ করুন।

অনুষ্ঠানের প্রধান অতিথি রাশেদ খান আওয়ামী লীগের মিছিল প্রসঙ্গে বলেন, আওয়ামী লীগ আর ফিরবে না। শেখ হাসিনা মারা গেলে তার লাশও দেশে ফিরিয়ে আনার মতো শেখ পরিবারের কেউ নেই। আওয়ামী লীগের নেতারা কেউ দেশেই আসতে পারবে না। আওয়ামী লীগ এখন পঁচে গলে ধ্বংস হয়ে গেছে। দেশের জনগণ তাদের আর গ্রহণ করবে না।

জামায়াতের সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদের সাম্প্রতিক বক্তব্যের সমালোচনা করে রাশেদ খান বলেন, তিনি তো রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন। তিনি বক্তৃতায় বলেছেন, তিনি অনেক বড় হ্যাডমওয়ালা, তার হ্যাডম নাকি শেখ হাসিনা জানতেন।

আমার ইচ্ছে, আমি শেখ হাসিনাকে যদি পেতাম, তাহলে শফিকুল ইসলাম মাসুদের হ্যাডম বা শক্তি কতটুকু তা জানতে চাইতাম। গুপ্ত বট বাহিনী দিয়ে শফিকুল ইসলাম মাসুদ সহ জামায়াতের নেতারা বিপক্ষ রাজনৈতিক দলের নেতাকর্মীদের চরিত্র হনন করছে। তারা সেনাবাহিনী মানে না, তারা কোনো বাহিনী মানে না। কারণ তাদের কাছে তাদের বট

বাহিনীই সবকিছু।

সার সংকট ও কৃষকের ভোগান্তি প্রসঙ্গে রাশেদ খান বলেন, দেশে কোনো সার সংকট নেই। ডিলাররা কৃত্রিম ভাবে সার মজুদ করে সংকট দেখানোর অপচেষ্টা চালাচ্ছে। ফ্যাসিস্ট আওয়ামী লীগের ১৭ বছরে সারের ডিলার হিসেবে কারা নিয়োগ পেয়েছে তা সবাই জানে। সরকার সেই সব ফ্যাসিস্ট সুবিধাভোগী সার ডিলারদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। সার ব্যবসার পুরো সিস্টেম নতুন করে সাজানোর উদ্যোগ নিয়েছে সরকার। এসময় তিনি কৃষকদের ধৈর্য্য ধারণ করার আহ্বান জানান।

এর আগে বেলা ১০টায় সদর উপজেলার তেতুলতলা মায়াধরপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন রাশেদ খান।

এসময় জেলা বিএনপির সহ সভাপতি ও বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন আলম, জেলা ছাত্রদলের সভাপতি ইমরান হোসেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহিউদ্দীনসহ শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা সভায় অংশ নেন।

জামায়াতের সঙ্গে আতাত করে আওয়ামী লীগ বিক্ষোভ মিছিল করার সাহস পাচ্ছে

প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান বলেছেন, গুলশানে বিক্ষোভ মিছিল করেছে রাজনৈতিক কর্মকান্ড নিষিদ্ধ আওয়ামী লীগ।

জামায়াতে ইসলামীর সঙ্গে গোপনে হয়তো তারা যোগাযোগ করে এই মিছিল করেছে। ১৯৯৬ সালে আওয়ামী লীগের সঙ্গে মিলে জামায়াতে ইসলামী বিএনপি সরকারের বিরুদ্ধে আন্দোলন করেছিল। এবারও আওয়ামী লীগ জামায়াতের কারণে আন্দোলন করার সাহস পাচ্ছে।

শনিবার (১২সেপ্টেম্বর) সকালে ডেঙ্গু প্রতিরোধে সরকারের তিন

মাসব্যাপী কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে ঝিনাইদহে ভার্চুয়ালি অংশগ্রহণ ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক র্যালি শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

রাশেদ খাঁন বলেন, জামায়াত নেতারা বলছেন, আওয়ামী লীগ রাজনীতিতে ফিরলে তাদের আপত্তি নেই। কিন্তু আমরা বলতে চাই, দেশের জনগণ আওয়ামী লীগের রাজনীতি আর মেনে নেবে না।

এর আগে তিনি ঝিনাইদহ জেলা প্রশাসন আয়োজিত ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক র্যালিতে অংশ নেন। এসময় জেলা বিএনপির সভাপতি এমএ মজিদ, সহ সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, আনোয়ারুল ইসলাম বাদশা, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, জেলা যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টুসহ বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে রেললাইন, মেডিকেল ও কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা শহরে রেললাইন সংযোগ, মেডিকেল কলেজ ও কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

শনিবার (১২ সেপ্টেম্বর) সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে ঝিনাইদহ জেলা রেল লাইন, মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মী ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ছাড়াও নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে সংগঠনটির সভাপতি এনএম শাহজালাল, সাধারণ সম্পাদক কামরুজ্জামান পিন্টু, গণঅধিকার পরিষদ জেলা শাখার সভাপতি প্রভাষক সাখাওয়াত হোসেন, বিপ্লবী কমিউনিষ্ট লীগের সাধারণ সম্পাদক শহিদুল এনাম পল্লব, হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য ফ্রন্টের সভাপতি তপন কুমার বিশ্বাস, জজ কোর্টের এপিপি এ্যাড.

মনিরুল ইসলাম মিল্টন, বাসদের সমন্বয়ক এ্যাড. আসাদুল ইসলাম, ওয়জির আলী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ নাহিদ আক্তার, সাবেক অধ্যক্ষ সাইদুর রহমান ডিটু, সাংবাদিক আজিজুর রহমান ছালাম, ইসলামী ছাত্র ফ্রন্টের নেতা আব্দুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, ভৌগোলিক ও অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও ঝিনাইদহ শহরে দীর্ঘদিন ধরে রেল যোগাযোগ ও উন্নত চিকিৎসা সেবা থেকে বঞ্চিত।

এলাকার মানুষের কথা চিন্তা করে জেলা শহরে রেললাইন সংযোগ, মেডিকেল কলেজ ও কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী জানান।

এছাড়া ঝিনাইদহ, চুয়াডাঙ্গা মেহেরপুর ও মাগুরা জেলার পণ্য পরিবহন যোগাযোগের ভোগান্তি কমাতে মাওয়া-দৌলতদিয়া ফেরিঘাটে দ্রুত দ্বিতীয় পদ্মাসেতু স্থাপনের দাবী তুলে ধরেণ। অবিলম্বে এই ন্যায্য দাবিগুল পূরণ করা না হলে আগামীতে আরও কঠোর ও বৃহত্তর আন্দোলনের হুসিয়ারী দেন বক্তারা।

ঝিনাইদহে মোটরসাইকেলের ধাক্কায় বাইসাইকেল আরোহী নিহত

‎‎ঝিনাইদহের বাইপাস সড়কে মোটরসাইকেলের ধাক্কায় সিরাজুল ইসলাম
(৪৫) নামের এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছেন।

‎শনিবার (১২ সেপ্টেম্বর) সকালে সাড়ে আটটার দিকে ঝিনাইদহ শহরের আইয়ুব মোড় নামক বাইপাস সড়কে এ দুর্ঘটনায় ঘটে। নিহত সিরাজুল ইসলাম ঝিনাইদহ শহরের ভুটিয়ার গাতি গ্রামের আবুল মন্ডলের ছেলে। সে পেশায় একজন নির্মাণ শ্রমিক ছিলেন।

‎‎প্রতক্ষ্যদর্শীরা জানায়, সকালে ৮টার দিকে সিরাজুল নিজস্ব বাইসাইকেল নিয়ে কাজে যাচ্ছিলেন। পথিমধ্যে শহরের বাইপাস সড়কের আইয়ুব মোড়ে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগতির মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে বাইসাইকেল থেকে ছিটকে পড়ে গুরুতর

আহত হয়। সেসময় স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

‎‎ঝিনাইদহ সদর থানার ওসি আসাদুজ্জামান জানান, ঘটনাস্থল থেকে মোটরসাইকেল ও বাইসাইকেল দুটি আটক করা হয়েছে। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন আছে।

ঝিনাইদহে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

‘মানুষ, পৃথিবী ও সমৃদ্ধি’র জন্য সাক্ষরতা’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস পালিত হয়েছে।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সকালে ঝিনাইদহ জেলা প্রশাসন ও জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো’র আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে হয় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক নোমান হোসেনেরে সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পুলিশ সুপার মিয়া আশিস বিন হাসান, সিভিল সার্জন ডা: কামরুজ্জামান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আমজাদ হোসেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখনসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা, একটি জ্ঞানভিত্তিক, বৈষম্যহীন ও সমৃদ্ধ সমাজ গড়ে তুলতে মানুষকে সাক্ষরতার আওতায় আনার পাশাপাশি ঝরে পড়া শিক্ষার্থীদের শিক্ষার মূলধারায় ফিরিয়ে আনতে কার্যকর উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন।

[redacted]

[redacted] [redacted] [redacted] [

এদিকে স্থানীয় কৃষকেরা অভিযোগ করেন, শুভ এন্টারপ্রাইজ নামের ডিলারের স্বত্বাধিকারী সাবেক এমপি মো. নায়েব আলী জোয়ার্দ্দার।

তিনি জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও ঝিনাইদহ-১ আসনের আওয়ামী লীগ মনোনীত সংসদ সদস্য ছিলেন। ৫ আগস্টের পর তিনি বিভিন্ন অপরাধে কারাগারে যান। এরপর জামিনে বের হয়ে ব্যবসা স্বাভাবিক গতিতে চললেও তিনি আবার সন্ত্রাসবিরোধী আইনের একটি মামলায় গ্রেপ্তার হয়ে কারাগারে রয়েছেন।

স্থানীয় কৃষক আজিবার আলী বলেন, “ডিলার আওয়ামী লীগের সাবেক এমপি। তাঁর ভাতিজা এখন ডিলারশিপ চালাচ্ছে। তারা কাউকে আমলে নেয় না। আওয়ামী লীগের লোকজন তাদের কাছে সার পাচ্ছে, কিন্তু সাধারণ মানুষ গেলেই তারা হয়রানি করে।”

শরিফুল ইসলাম নামে আরেক কৃষক বলেন, “আওয়ামী লীগের লোকজনের হাতে এখনো সারের ডিলারশিপ রয়েছে। তারা সার গুদামে মজুদ রেখে কৃষকদের হয়রানি করছে। সাধারণ কৃষকদের তো কোনো কিছু করার নেই।”

এ বিষয়ে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হুমায়ুন বাবর ফিরোজ বলেন, “সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য ষড়যন্ত্রমূলকভাবে কিছু কিছু ডিলার সার মজুদ রেখেও কৃত্রিম সংকট তৈরি করছে। কৃষকদের হয়রানি করছে। আমরা প্রশাসনকে এই চক্রের বিরুদ্ধে সর্বোচ্চ পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছি। সরকারকে বেকায়দায় ফেলতে সাধারণ মানুষকে যারা জিম্মি করার অপচেষ্টা করছে, তাদের দ্রুত আইনের আওতায় আনতে হবে।”

এ ব্যাপারে জেলা প্রশাসক মো. নোমান হোসেন বলেন, “এ ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত প্রতিবেদন সাপেক্ষে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। এ ছাড়া ওই ডিলারের লাইসেন্স বাতিলের ব্যাপারেও যথাযথ কর্তৃপক্ষের কাছে আমরা প্রতিবেদন দিয়েছি। সার মজুদ রেখে কৃষকদের হয়রানি করা বা কৃত্রিম সংকট সৃষ্টি করলে সবাইকে আইনের আওতায় আনা হবে।”

মহেশপুরে ছেলেকে বাঁচাতে গিয়ে প্রতিপক্ষের লাঠির আঘাতে বাবা নিহত

ঝিনাইদহের মহেশপুর উপজেলার যাদবপুর গ্রামে শিশুদের ফুটবল খেলা নিয়ে দ্বন্দ্বের জেরে ছেলেকে রক্ষা করতে গিয়ে প্রতিপক্ষের লাঠির আঘাতে রবিউল ইসলাম (৫৫) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন বলে জানা গেছে।

শনিবার (৫ সেপ্টেম্বর) দুপুরে যাদবপুর মাঝপাড়া গ্রামে এ মর্মান্তিক হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। নিহত রবিউল ইসলাম ওই গ্রামের মৃত আমিন উদ্দিন মৃধার ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, সকালে যাদবপুর গ্রামে নিহতের ১০ বছরের ছেলে সিফাত ইয়ামিন জিহাদ এবং একই গ্রামের লুৎফর রহমানের ১৩ বছরের ছেলে সোহানুর রহমান সোহান ফুটবল খেলছিল। এ সময় ফুটবল খেলাকে কেন্দ্র করে শিশুদের মধ্যে কথা-কাটাকাটি হয়।

এর জের ধরে বেলা ১টার দিকে সোহানের পিতা লুৎফর রহমান (৪৬) বাঁশের লাঠি হাতে নিয়ে শিশু জিহাদকে মারার জন্য ধাওয়া করেন। এ সময় সন্তানকে বাঁচাতে সিফাতের পিতা রবিউল ইসলাম তাদের সামনে যান।

এ অবস্থায় স্থানীয় খলিল মোল্লার বাড়ির সামনে তিন রাস্তার মোড়ে পৌঁছালে রবিউল ইসলামের সঙ্গে লুৎফর রহমানের বাক্বিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে লুৎফর রহমান তার হাতে থাকা বাঁশের লাঠি দিয়ে রবিউল ইসলামের ঘাড় ও পিঠে সজোরে আঘাত করেন। এতে তিনি গুরুতর আহত হয়ে পড়েন।

পরিবারের সদস্যরা তাৎক্ষণিকভাবে রবিউলকে বাড়িতে নিয়ে মাথায় পানি দিতে থাকেন। অবস্থার অবনতি হলে তাকে স্থানীয় যাদবপুর বাজারের এক পল্লিচিকিৎসকের কাছে নেওয়া হয়। সেখানে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এরপর তাকে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক জানান, তিনি অনেক আগেই মারা গেছেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা

(ওসি) মো. আজাদ রহমান জানান, খবর পেয়ে পুলিশ তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে পৌঁছে নিহতের সুরতহাল প্রতিবেদন তৈরি করেছে। মরদেহ থানায় নিয়ে আসার প্রক্রিয়া চলছে। ময়নাতদন্তের জন্য মরদেহ ঝিনাইদহ মর্গে পাঠানো হবে বলেও জানান তিনি।

এ ছাড়া অভিযুক্তকে গ্রেপ্তারে পুলিশি অভিযান শুরু হয়েছে বলেও জানান ওসি।

ঝিনাইদহে নিরাপদ অভিবাসন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে ঝিনাইদহে নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়ন শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (৫ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে ঝিনাইদহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সম্মেলন কক্ষে এ সেমিনারের আয়োজন করা হয়। কর্মসূচিতে জেলার বিভিন্ন এলাকার বিদেশে গমনেচ্ছু তরুণ-যুবকরা অংশ নেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ।

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মো. রুস্তম আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক মো. সাইফুর রহমান, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক শাহরিয়ার রাসেল, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, “বিদেশে গমনেচ্ছু কর্মীদের দক্ষতা অর্জনের কোনো বিকল্প নেই। দক্ষতার অভাবে আমাদের রেমিট্যান্স যোদ্ধাদের অনেকে বিদেশে গিয়ে কঠোর পরিশ্রম করেও কাঙ্ক্ষিত মজুরি পাচ্ছেন না। এজন্য দেশের বাইরে কাজের জন্য যেতে হলে হাতে-কলমে প্রশিক্ষণ নেওয়া জরুরি।”

এ সময় দক্ষ জনশক্তি রপ্তানি ও বৈধ পথে বৈদেশিক মুদ্রা দেশে

পাঠানোর ক্ষেত্রে বিদেশে গমনেচ্ছু ও সংশ্লিষ্টদের সচেতনতা বৃদ্ধির আহ্বান জানান বক্তারা।